

# টেলিভিশন শিল্পের আলোর দিশারী

সাইফুর রহমান ওসমানী জিতু

**মোস্তফা কামাল সৈয়দ**। যাকে বলা হয় বাংলাদেশ টেলিভিশন শিল্পের আলোর দিশারী। ৩১ মে ২০২০ গত হয়েছেন, বহুমুখী প্রতিভার এই অন্যান্য মানুষটি। নিষ্ঠুর করোনভাইরাস তার জীবন খামিয়ে দিয়েছে। মোস্তফা কামাল সৈয়দ তার বর্ণাঢ্য কর্মজীবনের বেশিরভাগ সময় কাটিয়েছেন রেডিও ও টেলিভিশনে। ১৯৬০ সালে বেতারে একজন বাংলা কথিকা পাঠক হিসেবে প্রথম যাত্রা শুরু করেন। এরপর ১৯৬৭ সালের ১ এপ্রিল ডিআইটির টেলিভিশন ডবনে নতুন প্রজন্মের প্রথম প্রযোজক হিসেবে যোগ দেন। সেখান থেকেই পথ চলা এবং দীর্ঘ ৫৩ বছরের কর্মময় জীবনের শেষ দিনটির পরিসমাপ্তি ঘটে এনটিভির অনুষ্ঠান বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালনের মধ্য দিয়ে। ৫৩ বছরের কর্মজীবনে মোস্তফা কামাল সৈয়দ ছিলেন একজন স্বনামধন্য টিভি প্রযোজক, নাট্য নির্দেশক, ধারা বর্ণনাকারী, বিজ্ঞাপনের নেপথ্য কণ্ঠ, অভিনেতা, পরিচালক ও আবৃত্তিকার। এক কথায় বাংলাদেশ টেলিভিশন শিল্পে তিনি বহুমুখী প্রতিভার স্বাক্ষর রেখেছেন। তৈরি করেছেন অনেক টেলিভিশন তারকা, নাট্যনির্মাতা উপস্থাপক, তাকে অনুসরণ করে আজ অনেক তারকা ব্যক্তিত্ব টেলিভিশনে প্রতিষ্ঠিত। ব্যক্তি জীবনে তিনি একজন অত্যন্ত বিনয়ী এবং ধার্মিক মানুষ ছিলেন। যাটের দশকের শুরুতে বিটিভির প্রতিষ্ঠালগ্ন থেকেই তিনি জড়িত ছিলেন। মোস্তফা কামাল সৈয়দের কণ্ঠ বাংলাদেশের রেডিও এবং টেলিভিশন দর্শকের কাছে ছিল খুবই পরিচিত।

৮০ দশকের মাঝামাঝি সময়ে প্রযোজক মোস্তফা কামাল সৈয়দের প্রযোজনা ও নির্দেশনায় সুবর্ণা মোস্তফা, আফজাল হোসেন ও আসাদুজ্জামান নূর অভিনীত কাজী আব্দুল ওয়াদুদ রচিত 'নদীবক্ষে' উপন্যাসের সফল নাট্যরূপ 'কুল নাই কিনার নাই' ( The never ending river ) নাটকটি বাংলাদেশের জন্য এক বিরল আন্তর্জাতিক সম্মান বয়ে আনে। প্রয়াত বর্ষীয়ান টেলিভিশন অভিনেতা ও নাট্যকার মমতাজউদ্দিন আহমেদ নাটকটির সফল নাট্যরূপ দেন। প্রশংসিত হয়েছিল সেই

কালজয়ী নাটক দেশে এবং বিদেশে। বিটিভির কোন নাটক সেই প্রথম বিদেশী কোন টিভি চ্যানেল জয় করেছিল। জাপানী ভাষায় ডাবিং করে 'এনএইচকে' নাটকটি প্রচার করে। পরে টোকিও থেকে 'এনএইচকে' আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রধান কাইকো তারাসিকো বাংলাদেশ টেলিভিশনের কাছে পাঠানো এক প্রশংসাপত্রে উল্লেখ করেন: 'অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি আমাদের 'এনএইচকে', জাপান টেলিভিশন অনুষ্ঠানে আপনাদের নাটক 'The never ending river' ( কুল নাই কিনার নাই ) এর প্রচার অত্যন্ত সফল হয়েছে বলে প্রমাণিত হয়েছে এবং আমাদের রেটিং অনুযায়ী ১৭ লাখ জাপানী দর্শক এ নাটকটি উপভোগ করেছে'।

মোস্তফা কামাল সৈয়দ প্রযোজিত উল্লেখযোগ্য নাটকগুলোর মধ্যে রয়েছে

'প্রজাপতি মন', 'স্বপ্ন বিলাস', 'স্নেহ', 'দৃষ্টি', 'আমার যত ভালবাসা', 'অনুরাগ', 'এবার ধরা দাও', 'নিলয় না জানি', 'কুল নাই কিনার নাই', 'বন্ধু আমার', 'নীরবে নিঃশব্দে'- সহ অনেক জনপ্রিয় নাটক ও গানের অনুষ্ঠান। এনটিভির জনপ্রিয় গানের অনুষ্ঠান 'ক্লোজআপ ওয়ান তোমাকেই খুঁজছে বাংলাদেশ'- সহ আরও অনেক জনপ্রিয় অনুষ্ঠান নিষ্ঠার সঙ্গে সফল এবং সার্থক করেন। করোনভাইরাসের সম্ভাব্য জীবনের ঝুঁকি জেনেও মোস্তফা কামাল সৈয়দ নিজেকে বাসায় বন্দী রাখতে পারেনি। জীবনের ঝুঁকির চাইতে পেশাগত কাজকে তিনি সবসময় প্রাধান্য দিয়ে এসেছেন। আর তার জীবনের শেষ দিনটিতেও কর্মরত থেকে 'In the line of duty'- তে পৃথিবীর সকল মায়া ত্যাগ করে, চিরতরে হারিয়ে গেলেন- অসংখ্য তারার মাঝে।



মোস্তফা কামাল সৈয়দের সঙ্গে লেখক

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬। কার্যালয় : জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইন্সটান, জিপিও বক্স : ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com, Website: www.dailyjanakantha.com, www.edailyjanakantha.com এবং www.ejanakantha.info, ঢাকা। আঞ্চলিক কার্যালয়: চট্টগ্রাম: মান্নান ভবন (দোতলা), ১৫৬ নূর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম, ফোন ও ফ্যাক্স: ৬১৩১৩৩, ফোন: ২৮৬৩১০০, সম্মিলিত প্রধান কার্যালয়: গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার, জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান

মেনন সড়ক, নিউ ইন্সটন, জিপিও বক্স: ২৭২৫, ঢাকা, বাংলাদেশ, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাল্টিং ২০টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৭০১, ই-মেইল: [gjspltd@gmail.com](mailto:gjspltd@gmail.com), Website: [www.globe-janakantha.com](http://www.globe-janakantha.com)